তারিখ . 06. JUN. 2016 . . .
পৃষ্ঠা . . 2 . . . কলাম . . 6 . . .

যুগান্তর



নিলয় মো. আজম

# পুকুরে ডুবে শাবি ছাত্রের মৃত্যু

**শাবি প্রতিনিধি**

আবাসিক হলের পুকুরের পানিতে ডুবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের মৃত্যু হয়েছে। কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের তৃতীয় বর্ষের ওই ছাত্রের নাম নিলয় মো. আজম। তিনি শাবি প্রধান ফটকের কাছাকাছি সুরমা আবাসিক এলাকার ইউনিলিভার মেসে থাকতেন।

প্রত্যক্ষদর্শী ও বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, সুরমা এলাকায় রোববার সকাল থেকে বিদ্যুৎ সংযোগ ছিল না। প্রচণ্ড গরমে দুপুর দেড়টায় নিলয় বঙ্গবন্ধু হল সংলগ্ন পুকুরে গোসল করতে যান। তিনি সাঁতার জানতেন না। একপর্যায়ে নিলয় পানিতে তলিয়ে যান। কোনো সাড়া শব্দ না পাওয়ায় পুকুরে গোসলরত অন্যরা খোঁজাখুঁজির একপর্যায়ে নিলয়ের নিথর দেহ উদ্ধার করেন। তাকে তাৎক্ষণিক জালালাবাদ রাগীব রাবেয়া হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নিলয়ের লাশ সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের হাসপাতালের হিমাগারে রাখা হয়েছে বলে জানান জালালাবাদ থানার ওসি আখতার হোসেন।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেশ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক ড. রাশেদ তালুকদার বলেন, নিলয়ের পৈতৃক নিবাস কুমিল্লা হলেও তার পরিবার স্থায়ীভাবে চট্টগ্রামে বসবাস করেন। তার পিতার নাম আবুল বাশার।